

মেধা অন্বেষণ করবে শিক্ষা মন্ত্রণালয় নীতিমালা চূড়ান্ত

নিম্নের প্রতিবেদক •

দেশব্যাপী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের মেধা থেকে সৃজনশীল মেধা অন্বেষণ করবে শিক্ষা মন্ত্রণালয়। এ জন্য একটি নীতিমালা চূড়ান্ত করা হয়েছে।

এখন থেকে প্রতিবছর উপজেলা, জেলা ও বিভাগীয় প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত ৯৬ জন প্রতিযোগীর মেধা থেকে তিনটি দলে চারটি বিষয়ে ১২ জন শিক্ষার্থীকে জাতীয় বিজয়ী হিসেবে পুরস্কৃত করা হবে। তাদের এককাসীনে বিশেষ মেধাবৃত্তি দেওয়া হবে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদেবর সভাপতিত্বে গতকাল বুধবার মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সভায় সৃজনশীল মেধা অন্বেষণ ২০১২ সীর্ষক নীতিমালা চূড়ান্ত করা হয়।

নীতিমালা অনুযায়ী যষ্ঠ থেকে ষাদশ শ্রেণীর ছাত্রছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। প্রতিযোগিতার বিষয় চারটি হলে: ভাষা ও সাহিত্য (বাংলা ও ইংরেজি), বিজ্ঞান (পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান), গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ ঐতিহ্য (ইতিহাস, পৌরনীতি, অর্থনীতি ও সমাজবিজ্ঞান)। এ জন্য উপজেলা, জেলা ও বিভাগীয় বাছাই কমিটি ও ষ্ট্রয়ালিং কমিটি গঠন করা হয়েছে।

সভায় অধ্যাপক আনিসুজ্জামান, শিক্ষসচিব কামাল আবদুল নাসের চৌধুরী, সংস্কৃতিসচিব সুহাইয়া বেগম, শিল্পী মৃত্যুঞ্জয় মনোয়ার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক, অধ্যাপক আবদুল্লাহ আনু সাঈদ প্রমুখ উপস্থিত ছিলেন।